

# দৈনিক ইত্তেফাক

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে  
বিজয় উৎসব পালন**  
|| সংবাদদাতা ||  
গতকাল (বুধবার) চাকসু ও  
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সর্বদলীয়  
(শেষ পৃ: ৮-এর ক: ৩:)

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে  
(১ম পৃ: পর)**  
ছাত্র ঐক্যের উদ্যোগে বিশ্ববিদ্যা-  
লয় ক্যাম্পাসে জাঁক-জমকপূর্ণ  
বিজয় উৎসব পালিত হয়।  
ভিসি অধ্যাপক আলমগীর মোহা-  
ম্মদ সিরাজ উদ্দিন উৎসব উদ্বোধন  
করেন। প্রায় ৫ হাজার ছাত্র-ছাত্রী  
শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীর বিজয়  
মিছিল বাহির হয়। ভিসি চাকসু  
ক্যাফেটেরিয়ার সম্মুখে 'মুক্তি  
স্মারক' ভাস্কর্যের ভিত্তি ফলকও  
স্থাপন করেন।  
গতকাল ইসলামী ছাত্র শিবির  
চট্টগ্রাম কলেজ শাখার উদ্যোগে  
কলেজ ক্যাম্পাসে বিজয় উৎসব  
উদযাপিত হয়। শেষে মিছিল  
বাহির হয়।  
চট্টগ্রাম গড়ক পরিবহন (ট্রাক)  
শ্রমিক ইউনিয়নের উদ্যোগে নগ-  
রীতে বিজয় মিছিল বাহির হয়।  
শেষে এক সমাবেশে সভাপতিত্ব  
করেন সিদ্দিকুল ইসলাম।  
১৬ই ডিসেম্বর ঢাকায় কাদের  
সিদ্দিকীর স্বদেশ প্রত্যাবর্তন সংব-  
র্ধনা জ্ঞাপনের লক্ষ্যে গতকাল বঙ্গ  
বীর কাদের সিদ্দিকী বীরোত্তম  
স্বদেশ প্রত্যাবর্তন সংগ্রাম পরিষদ  
চট্টগ্রাম শাখার উদ্যোগে সংগঠন  
কার্যালয়ে এক প্রস্তুতি সভা অনু-  
ষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন  
কফিল উদ্দিন চৌধুরী। আজ  
বেলা ২ টায় নিউ মার্কেট চত্বরে  
পরিষদের জনসভা এবং বিজয়  
মিছিল হইবে।

64